

ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং, ডিপ্লোমা ইন টেক্সটাইল ও ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং এর আওতায় মেরিন ও শীপ বিল্ডিং টেকনোলজিতে ভর্তির শিক্ষাগত যোগ্যতা

সকল শিক্ষা বোর্ড অথবা বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের অধীনে অনুষ্ঠিত এস.এস.সি/ দাখিল/ এস.এস.সি(ভোকেশনাল)/ দাখিল (ভোকেশনাল) / সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং ছাত্রদের ভর্তির ক্ষেত্রে সাধারণ গণিত বা উচ্চতর গণিতে জিপিএ ৩.০০ সহ কমপক্ষে জিপিএ ৩.৫০ এবং ছাত্রীদের ভর্তির ক্ষেত্রে সাধারণ গণিত বা উচ্চতর গণিতে জিপিএ ৩.০০ সহ কমপক্ষে জিপিএ ৩.০০ প্রাপ্ত শিক্ষার্থীরা অথবা ‘ও’ লেভেলে যেকোন একটি বিষয়ে ‘সি’ গ্রেড এবং গণিতসহ অন্য যেকোন দুটি বিষয়ে ন্যূনতম ‘ডি’ গ্রেড পেয়ে যে কোন সালে উত্তীর্ণ শিক্ষার্থীরা ২০২১-২০২২ শিক্ষাবর্ষে ভর্তির জন্য আবেদন করতে পারবে। জিপিএ পদ্ধতি চালুর পূর্বে এস.এস.সি বা সমমান পরীক্ষায় ন্যূনতম ২য় বিভাগ প্রাপ্ত যে কোন সালে উত্তীর্ণ শিক্ষার্থীরা আবেদন করতে পারবে।

উল্লেখ্য, সাধারণ, মাদ্রাসা এবং কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষাধারার যথাক্রমে: বিজ্ঞান, দাখিল (বিজ্ঞান) ও এস.এস.সি (ভোকঃ)/দাখিল (ভোকঃ) ব্যতীত অন্যান্য বিভাগের “Non-Science” শিক্ষার্থীদের বিজ্ঞান ও গণিতে শিখনস্বল্পতা (Learning Gap) দূরীকরণের লক্ষ্যে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক প্রণয়নকৃত ০৬ (ছয়) সপ্তাহব্যাপী সক্ষমতা বৃদ্ধিমূলক কোর্স (Remedial Course) এর বিষয়বস্তুর উপর বোর্ড কর্তৃক অনুষ্ঠিত পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা নির্ধারিত জিপিএ থাকা সাপেক্ষে ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং ও ডিপ্লোমা-ইন-টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রমের ১ম পর্বে ভর্তির আবেদনের যোগ্য বলে বিবেচিত হবে। এ বিষয়ে বিস্তারিত বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের ওয়েবসাইটে (www.bteb.gov.bd) পাওয়া যাবে।